গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সেচ ভবন (৬ষ্ঠ তলা), ২২ মানিক মিয়া এভিনিউ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
E-mail: pdsacpdae@gmail.com

"কৃষিই সমৃদ্ধি"

স্মারক নংঃ ১২.০১.০০০০.৯০০.৯৯.০০৩.২০-৮৪২ তারিখঃ ০২/০৪/২০২৩খ্রিঃ

**বিষয়ঃ এসএসিপি প্রকল্পের আওতাধীন উপজেলাসমূহে সকল প্রকার কৃষক প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এর আওতাধীন উপজেলাসমূহে সকল প্রকার কৃষক প্রশিক্ষণ বাস্তবায়নের ক্ষেত্রে সংযুক্তি-১ এ উল্লেখিত নীতিমালাসমূহ সঠিকভাবে ও যথাসময়ে আবশ্যিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

02.04.2023
(ড. মুহাম্মদ এমদাদুল হক)
প্রকল্প পরিচালক
টেলিফোনঃ ০২-৪৮১১০৫৭৩

**প্রাপক,**
উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
ফকিরহাট, কচুয়া, শ্যামনগর, কালিগঞ্জ, কাউখালি, কাঠালিয়া, নলছিটি, লালমোহন, চরফ্যাশন, মনপুরা, মির্জাগঞ্জ, রাংগাবালী, কলাপাড়া, আমতলী, বেতাগী, বামনা, তালতলী, পাথরঘাটা, বোয়ালখালী, ফটিকছড়ি, চন্দনাইশ, বাঁশখালী, সন্দ্বীপ, মিরসরাই, সুবর্ণচর, চাটখিল, কবিরহাট, হাতিয়া, ছাগলনাইয়া, কমলনগর।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা/চট্টগ্রাম/বরিশাল অঞ্চল।
৪। উপপরিচালক, ডিএই, জেলা-বাগেরহাট/সাতক্ষীরা/পিরোজপুর/ভোলা/ঝালকাঠি/বরগুনা/পটুয়াখালী/চট্টগ্রাম/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর।
৫। কম্পোনেন্ট ডিরেক্টর/ কোঅর্ডিনেটর, বিএডিসি/ ডিএএম/ বিএআরআই, এসএসিপি, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৬। উপ প্রকল্প পরিচালক, এসএসিপি, ডিএই, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৭। সিনিয়র মনিটরিং অফিসার, এসএসিপি, ডিএই, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৮। ডেপুটি কম্পোনেন্ট ডিরেক্টর/ কোঅর্ডিনেটর, বিএডিসি/ ডিএএম/ বিএআরআই, এসএসিপি, সেচ ভবন, ঢাকা-১২০৭।
৯। সিনিয়র টেকিনিক্যাল এডভাইজর, এফএও।
১০। সিনিয়র কনসালটেন্ট (সকল), এসএসিপি, সেচ ভবন, ঢাকা-১২০৭।
১১। জুনিয়র মনিটরিং এন্ড রিপোর্টিং স্পেশালিস্ট/ জুনিয়র ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, এসএসিপি।
১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রকল্পভুক্ত সকল উপজেলা।
১৩। হিসাব রক্ষক, এসএসিপি, ডিএই, সেচ ভবন, ঢাকা-১২০৭।
১৪। অফিস কপি।

# এসএসিপি প্রকল্পের আওতাভুক্ত উপজেলাসমূহে কৃষক প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা/নীতিমালা

১. কৃষকদের চাহিদা ভিত্তিক কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

২. প্রতি ব্যাচ প্রশিক্ষণে প্রশিক্ষনার্থীর সংখ্যা হবে ৩০ (ত্রিশ) জন, যাদেরকে এসএসিপি'র কৃষক উৎপাদনকারী দলের সদস্য থেকে নিতে হবে।

৩. প্রশিক্ষণের জন্য নির্বাচিত কৃষকদের গ্রুপ আইডেন্টিফিকেশন নম্বর (GID), বেনিফিশিয়ারী আইডেন্টিফিকেশন নম্বর (BID), জাতীয় পরিচয় পত্র নম্বর (NID) এবং মোবাইল নম্বর থাকতে হবে।

৪. প্রডিউসার গ্রুপের বাইরের কৃষক/প্রক্সি কৃষক কোন ক্রমেই প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারবে না।

৫. প্রতিটি কম্বাইন্ড ব্যাচে কমপক্ষে ৩০% মহিলা সদস্য কৃষক উৎপাদনকারী দল থেকে নিতে হবে।

৬. নিকটবর্তী কোন গবেষণা প্রতিষ্ঠান/ হর্টিকালচার সেন্টার থেকে রিসোর্স পার্সন নির্বাচন করতে হবে।

৭. কৃষক প্রশিক্ষণের প্রতিটি ব্যাচের জন্য নির্ধারিত ৫টি ক্লাসের বিভাজন হবে নিম্নরূপঃ

| | রিসোর্স পারসন | ক্লাসের সংখ্যা (টি) |
|---|---|---|
| ১. | উপজেলা কৃষি অফিস (ইউএও/ এএও/ এইও) | ২ |
| ২. | এডি/ ডিডি/ ডিটিও/ এডিডিগণ- ডিএই/ গবেষণা প্রতিষ্ঠান | ২ |
| ৩. | প্রকল্প দপ্তর | ১ |

বিঃদ্রঃ রিসোর্স পারসন নির্বাচনের ক্ষেত্রে কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে ১ (এক) জনকে অগ্রাধিকার দিতে হবে। রিসোর্স পারসনগণ সশরীরে উপস্থিত থেকে ক্লাস প্রদান করবেন এবং ক্লাসের সংখ্যা উপস্থিতির ভিত্তিতে সমন্বয় করা যাবে।

৮. কৃষক প্রশিক্ষণ ম্যানুয়াল প্রকল্প দপ্তর থেকে সরবরাহ করা হবে।

৯. উপজেলা পর্যায়ে চলমান কৃষক প্রশিক্ষণের ভিডিও ও স্থির চিত্র (প্রশিক্ষণে উপস্থিত কৃষকদের, ব্যানার ইত্যাদির ছবিসহ) সফট ও হার্ড কপি প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রশিক্ষণ সংক্রান্ত খাতওয়ারী খরচের বিবরণী প্রয়োজনীয় প্রমাণকসহ (বিল, ভাউচার, সন্মানী ভাতা প্রাপ্তির দলিলাদি ইত্যাদি) প্রকল্প দপ্তরকে পত্র মারফত অবহিত করতে হবে।

১০. ইভেন্ট রেজিস্টার ও অন্যান্য উপস্থিতি/ মাস্টার রোলের কপি সংরক্ষণ ও প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১১. প্রতিটি প্রশিক্ষণের অগ্রিম সিডিউল প্রণয়ন করে কমপক্ষে ১০ দিন পূর্বে প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।

১২. প্রকল্প দপ্তর থেকে সরাসরি/অনলাইনে সংযুক্ত থেকে প্রশিক্ষণ কর্মসূচী মনিটরিং ও মূল্যায়ন করা হবে।

১৩. প্রশিক্ষণের আর্থিক ব্যয় বিভাজন ইতোপূর্বে প্রেরিত জিওবি ও আরপিএ (ইফাদ) অংশের ভিত্তিতে সমন্বয় করতে হবে।

১৪. প্রতিটি প্রশিক্ষণে আবশ্যিকভাবে সামাজিক, পরিবেশগত ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব পরিমাপ (Social, Environmental and Climate Assessment Procedure-SECAP) বিষয়ে এবং দন্দ্ব ও বিবাদ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ক (Environmental and Social Management Plan-ESMP) ১ ঘন্টার সেশন রাখা যেতে পারে।

১৫. প্রশিক্ষণটিতে কোনো ধরণের আর্থ-সামাজিক ও জলবায়ু-পরিবেশগত দ্বন্দ্ব বা ভুলবোঝাবুঝির উদ্রেক হলে সুনির্দিষ্ট ও উপযুক্ত অভিযোগসমূহ যথাযথ ভাবে সংগ্রহ, সংরক্ষণ ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার (GRS) আওতায় সমাধান করতে হবে। ক্ষেত্র বিশেষে SECAP ও ESMP এর নীতিমালা অনুযায়ী তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিবেদন প্রস্তুত করে তা প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

02.08.2023
চৌধুরী ওয়াহিদা সুলতানা
সিনিয়র মনিটরিং অফিসার
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

02/08/23
ড. মোঃ হাবিবুর রহমান
(উপপরিচালক)
সিনিয়র মনিটরিং অফিসার
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

02/08/2023
(সৈয়দ আবু সিয়াম জুলকারনাইন)
উপ প্রকল্প পরিচালক
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭।

02.04.2023
(ড. মুহাম্মদ এমদাদুল হক)
প্রকল্প পরিচালক
স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭